PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : B–105 (C)

(ভারতীয় সাহিত্যের প্রেক্ষিতে বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭৫

উত্তীর্ণমান : ৩০

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'ভারতীয় সাহিত্য' ধারণাটি সম্পর্কে সংক্ষেপে লেখো। এই ধারণাটি বিকাশের ক্ষেত্রে 'রামায়ণ' ও 'মহাভারত'—এই দুটি মহাকাব্যের কতটা ভূমিকা রয়েছে, আলোচনা করো। ৩+১২=১৫

২। ভারতীয়তার জাতীয়তাবাদী ধারণাটি কবে বিকশিত হয়েছিল? মধ্যযুগের বাংলা সাহিত্যে ভারতীয়তার অভিব্যক্তি বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১+১৪=১৫

খ—গুচ্ছ

৩। ভারতবর্ষে প্রথম কোন্ বিশ্ববিদ্যালয়ে, কার উদ্যোগে তুলনামূলক সাহিত্যের পঠন-পাঠন আরম্ভ হয়েছিল? তুলনামূলক সাহিত্যের চর্চায় তাঁর ভূমিকা আলোচনা করো। ২+১৩=১৫

৪। বাংলা সাহিত্য সমালোচনায় তুলনামূলক পদ্ধতির প্রয়োগে বঙ্কিমচন্দ্রের অবদান বিষয়ে একটি নিবন্ধ লেখো। ১৫

গ—গুচ্ছ

৫। 'অনুবাদ অধ্যয়ন' বা 'Translation Studies'—এই শব্দবন্ধের উদ্ভাবক কে? 'শকুন্তলা' *অথবা* 'সীতার বনবাস'-এর আলোকে অনুবাদক বিদ্যাসাগরের মৌলিকতা সম্পর্কে আলোচনা করো। ১+১৪=১৫

৬। দুজন বিনির্মাণবাদী তাত্ত্বিকের নাম লেখো। ''অনুবাদ আসলে বিনির্মাণ। উৎস পাঠকে অনুবাদক তাঁর দেশকালের বাস্তবে জারিত করে নতুন করে বিন্যস্ত করেন।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১৩=১৫

ঘ—গুচ্ছ

৭। বাংলা গদ্যে মহাভারত অনুবাদ করেছেন এমন একজন লেখকের নাম লেখো। ধ্রুপদী সংস্কৃত সাহিত্যের বঙ্গানুবাদ বাংলা ভাষা-সংস্কৃতিকে কতটুকু ঋদ্ধ করেছে সে বিষয়ে আলোচনা করো। ১+১৪=১৫

৮। বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস'-এর উৎসগ্রন্থ কোনটি? বাংলা ভাষায় শেকস্‌পীয়র-সাহিত্যের অনুবাদ সম্পর্কে একটি সতথ্য প্রতিবেদন প্রস্তুত করো। ১+১৪=১৫

ঙ—গুচ্ছ

৯। 'গোদান' উপন্যাসটি কার লেখা? এই উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র কোনটি? উপন্যাসটিতে সামন্তবাদী শোষনের যে ছবি রয়েছে তার বিবরণ দাও। ১+১+১৩=১৫

১০। 'বাঘে টাপুর রাতি' গল্পগ্রন্থের বাংলা অনুবাদক কে? এই গ্রন্থের জন্য লেখক কোন্ পুরস্কারে সম্মানিত হয়েছেন? এই গ্রন্থের যে কোনো একটি গল্পের আলোকে অসমীয়া সমাজ-জীবনের পরিচয় দাও। ১+১+১৩=১৫

★★★